



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৩ জুলাই ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

সাজেকে জেএসএস সন্ত্রাস গ্রুপ কর্তৃক ইউপিডিএফ কর্মীর ওপর সশস্ত্র হামলার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা সংগঠক সচল চাকমা এক বিবৃতিতে জেলার সাজেকে জেএসএস সন্ত্রাস গ্রুপের সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফের এক কর্মীর ওপর সশস্ত্র হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বিবরণ দিয়ে বলেন, আজ শনিবার, ১৩ জুলাই ২০২৪ বিকাল ৩:১০টার সময় জেএসএস সন্ত্রাস গ্রুপের অভিযান ও বিফোর্স চাকমার নেতৃত্বে ৭ জনের একদল সশস্ত্র সন্ত্রাসী সাজেক ইউনিয়নের মাচলং ব্রিজ পাড়ায় হানা দিয়ে সেখানে সাংগঠনিক কাজে থাকা ইউপিডিএফ কর্মী মন্টু চাকমার ওপর সশস্ত্র হামলায় চালায়। এতে তিনি পিঠে গুলিবিদ্ধ হয়ে আহত হন।

আহত মন্টু চাকমা (৫৫) খাগড়াছড়ির দীঘিনালা উপজেলার বাবুছড়া রুখচন্দ্র কার্বারী পাড়ার বাসিন্দা। তার পিতার নাম মৃত হেঙগি ধন চাকমা।

বিবৃতিতে সচল চাকমা এই হামলার ঘটনাকে ন্যাক্কারজনক ও কাপুরক্ষোচিত আখ্যায়িত করে বলেন, ইউপিডিএফের নেতৃত্বে চলমান সিএইচটি রেগুলেশন রক্ষার আন্দোলন নস্যাত করে দেয়ার লক্ষ্যে সন্ত্রাস গ্রুপ এই হামলা চালিয়েছে। এর মাধ্যমে তারা সরকারের এজেন্ডা বাস্তবায়ন করছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে হামলাকারী সন্ত্রাস গ্রুপের সন্ত্রাসীদের গ্রেফতার ও শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।